



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ ৬০২

বিজ্ঞপ্তি

তারিখ : ২০/৮/১৬

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/ গভার্ণিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : (ক) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর ০১-০৬-২০১৬ খ্রি. তারিখের আদেশ।
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০, তারিখ: ০৯-০৮-২০১৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর ০১-০৬-২০১৬ খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/ গভার্ণিং বডি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ এর ৫০ ধারা অনুযায়ী যশোর শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বিশেষ ধরনের গভার্ণিং বডি বাতিল করা হল। একই সঙ্গে পরবর্তী গভার্ণিং বডি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হল।

বর্ণিত প্রবিধানমালা ২০০৯ এর ৩৯ ধারা মোতাবেক এডহক কমিটি গঠন ও অনুমোদনের লক্ষ্যে সদস্যদের নামের তালিকা আগামী ২৫-০৮-২০১৬ খ্রি. তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে বোর্ডে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

স্মারক নং-ক/অ

তারিখ:

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। অফিস কপি।

স্বাঃ
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

স্বাঃ
২০/৮/১৬